# উপজেলা পরিষদ, খানসামা এর জুন, ২০২৫ মাসের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ কামরুজ্জামান সরকার, প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)<br>উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর |
| তারিখ | : ৩০/০৬/২০২৫ খ্রি. |
| সময় | : সকাল-১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার প্রারম্ভে গত ২৯/০৫/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত মে মাসের জরুরী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | <u>স্বাস্থ্য বিভাগঃ</u><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ০৫ (পাঁচ) জন মেডিকেল অফিসার ও ০১ (এক) জন আবাসিক মেডিকেল অফিসার কর্মরত আছে। শূন্য পদ ০৮, শূন্য পদে ডাক্তার পদায়নের জন্য সুপারিশ করা হয়। ডাক্তার স্বল্পতার কারণে চিকিৎসা সেবার মান কিছুটা হলেও ব্যাহত হচ্ছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি সেড রয়েছে। সেডের কিছু ঢেউটিন নষ্ট হওয়ায় তা পরিবর্তন করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | (১) চিকিৎসা সেবার মান আরও উন্নত করতে হবে।<br><br>(২) রোগীদের মানসম্মত খাবার সরবরাহ চিশ্চিত করতে হবে।<br><br>(৩) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তারের শূন্য পদগুলোতে ডাক্তার পদায়নের নিমিত্ত জরুরী ভিত্তিতে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণসহ ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ০২ | <u>প্রকৌশল বিভাগঃ</u><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এলজিইডি'র তত্ত্বাবধানে উন্নয়নমূলক সকল কাজ যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই।<br><br>প্রশাসক, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত ২০২৪-২০২৫ অর্থবছরের রাজস্ব উন্নয়ন প্রকল্পের আওতায় ঠিকাদার/প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তব অগ্রগতি জানতে চাইলে উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর সভায় জানান যে, প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রকল্পসমূহের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে দুইটি প্যাকেজের আংশিক কাজের সাইট নির্বাচিত ঠিকাদার বুঝে না পাওয়ায় তা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সংযোগিতা কামনা করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সম্মুখে অবস্থিত উপজেলা পরিষদের পুকুরের সৌন্দর্য ফিরিয়ে আনার জন্য ঘাটলা ও ওয়াকওয়ে সংস্কার করণ কাজটি গত ১৩/০৫/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার সিদ্ধান্ত মোতাবেক পুনরায় দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। সংস্কার কাজটি বড় ধরনের হওয়ায় কার্যাদেশ মোতাবেক নির্বাচিত ঠিকাদার কর্তৃক চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে অর্থ বিভাগের নির্ধারিত সময়ের পূর্বেই শতভাগ কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে না। ইহাতে সংস্কার কাজের অনুকূলে বরাদ্দকৃত অর্থ তামাদি হয়ে যাবে। ফলে উন্নয়ন কাজের স্বার্থে ঘাটলা ও ওয়াকওয়ে সংস্কার কাজের ঠিকাদার কর্তৃক চুক্তিমূল্য অনুযায়ী সমুদয় অর্থ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর যৌথভাবে বিডি করা হয়েছে। | (১) উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক অসমাপ্তকৃত প্রকল্পসমূহের কাজ ১০০% সমাপ্ত হয়েছে মর্মে প্রত্যয়ন প্রদান এবং সংশ্লিষ্ট কাজের বাস্তব চিত্র দাখিলপূর্বক ১ম ও চূড়ান্ত বিলের বিডি ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(২) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের জন্য দিনাজপুর জেলার খানসামা উপজেলা পরিষদের অনুকূলে ৫৩,০০,০০০/- (তিপ্পান্ন লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। ১৩/০৫/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার সিদ্ধান্ত মোতাবেক দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। নির্মাণ কাজটি বড় ধরনের হওয়ায় কার্যাদেশ মোতাবেক নির্বাচিত ঠিকাদার কর্তৃক চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে অর্থ বিভাগের নির্ধারিত সময়ের পূর্বেই শতভাগ কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে না। ইহাতে নির্মাণ কাজের অনুকূলে বরাদ্দকৃত অর্থ তামাদি হয়ে যাবে। ফলে উন্নয়ন কাজের স্বার্থে খানসামা উপজেলা পরিষদের অভ্যন্তরে পাবলিক লাইব্রেরী স্থাপন কাজের ঠিকাদার কর্তৃক চুক্তিমূল্য অনুযায়ী সমুদয় অর্থ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর যৌথভাবে বিডি করা হয়েছে।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" খাতে অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় উপদেষ্টার অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাত হতে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য দিনাজপুর জেলার খানসামা উপজেলা পরিষদের অনুকূলে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বিশেষ বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থে গত ২৯/০৫/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের জরুরী সভার সিদ্ধান্ত মোতাবেক দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থের ৩০% অর্থে পিআইসি কমিটি গঠনের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অর্থবছরের শেষ প্রান্ত হওয়ায় সময় স্বল্পতার কারনে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ের পূর্বেই শতভাগ কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে না। ইহাতে বরাদ্দকৃত অর্থ তামাদি হয়ে যাবে। ফলে উন্নয়ন কাজের স্বার্থে দরপত্রের মাধ্যমে আহবানকৃত নির্বাচিত ঠিকাদার কর্তৃক চুক্তিমূল্য ও পিআসি কমিটি কর্তৃক চুক্তিমূল্য অনুযায়ী সমুদয় অর্থ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর যৌথভাবে বিডি করা হয়েছে। এ বিষয়ে উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর মহোদয় অবগত রয়েছেন।<br><br>**পর্যালোচনা :** উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর কর্তৃক উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে উপস্থিত সকলে উন্নয়ন কাজের স্বার্থে অসমাপ্তকৃত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর যৌথভাবে বিডি করাটি সঠিক হয়েছে মর্মে সহমত পোষণ করেছেন। | | |
| ০৩ | <u>কৃষি বিভাগঃ</u><br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি খরিপ-২/২০২৫-২৬ মৌসুমে রোপা আমন, সবজী, মরিচ, মাষকলাই আবাদের লক্ষ্যমাত্রা যথাক্রমে ১৩৭৬০ হেক্টর, ৫৮০ হেক্টর, ২০ হেক্টর, ১০ হেক্টর। এর মধ্যে রোপা আমনের আবাদ অর্জিত হয়েছে হাইব্রিড ২৩০ হেক্টর, উফশী ৮৫০ হেক্টর, সবজী ৯০ হেক্টর।<br><br>তিনি সভায় আরও জানান যে, খরিফ-২/২০২৫-২৬ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় বরাদ্দকৃত বিভিন্ন ফসল, ফল, শাক সবজী কৃষকের তালিকা তৈরী ও বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, ডিলার পর্যায়ে ২৩৪ মে.টন ইউরিয়া সার মজুদ রয়েছে। টিএসপি ১২৯ মে.টন, এমওপি ৩১২ মে.টন ও ডিএপি ১২৬ মে.টন নন-ইউরিয়া সার মজুদ রয়েছে। সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে অব্যাহত রয়েছে। এছাড়াও উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগের সকল কার্যক্রম যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। | (১) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(২) সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে চলমান রাখতে হবে। সার, বীজ ও কীটনাশক বিক্রয়ে ভেজাল রোধে কঠোর পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ০৪ | <u>প্রাণিসম্পদ বিভাগঃ</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, মে ২০২৫ মাসে গবাদি প্রাণির চিকিৎসা প্রদান করা হয়েছে ১৬২৯ টি, হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ৯১০০ টি, গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৭৪৪ টি, হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে ৮৪০০০ টি, গবাদি প্রাণির কৃত্রিম প্রজনন করা হয়েছে ৪৬২ টি, খামারী সচেতনতা ও খামার স্থাপনের জন্য ০৪ টি উঠান বৈঠক করা হয়েছে এবং গাভীর খামার পরিদর্শন করা হয়েছে ১৩ টি। কায়েমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ২০০ মিলিঃ করে দুধ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ০৫ | <u>মৎস্য বিভাগঃ</u><br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় সকল কার্যক্রম যথা নিয়মে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | <u>প্রাথমিক শিক্ষা বিভাগঃ</u><br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নির্ধারিত রুটিন অনুযায়ী আগামী ০১/০৭/২০২৫ খ্রি. তারিখ হতে ১৫/০৭/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সকাল ১০.০০ টা থেকে বিদ্যালয় চলাকালীন সময় পর্যন্ত নিরবচ্ছিন্নভাবে এসেসমেন্ট টুলস ব্যবহার করে ৩য় থেকে ৫ম শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে শিখন অবস্থান নির্ধারণ ও শিখন উন্নীতকরণের লক্ষ্যে বেইস লাইন সার্ভে পরিচালিত হবে। বেইস লাইন সার্ভে কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত সরেজমিন পরিদর্শনের জন্য বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণের সমন্বয়ে ইউনিয়ন ভিত্তিক ৬টি মনিটরিং টিম গঠন করা হবে।<br><br>তিনি সভায় আরও জানান যে, খানসামা উপজেলার ৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লকের নির্মাণ কাজ চলমান রয়েছে। ওয়াশব্লকের কাজের অগ্রগতি না থাকায় সাবেক উপজেলা শিক্ষা অফিসার ইতোপূর্বে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভায় অতিদ্রুত কাজগুলো সম্পন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, খানসামা মহোদয়কে অনুরোধ জানিয়েছিলেন। এতদসত্বেও ওয়াশব্লকের নির্মাণ কাজ সম্পন্নের ব্যাপারে উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য কোন পদক্ষেপ গ্রহণ করেননি। এ বিষয়ে তিনি উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>তিনি সভায় আরও জানান যে,পাঠের গুনগত মান উন্নয়নের জন্য নিয়মিত পরিদর্শন কার্যক্রম জোরদার করাসহ মা সমাবেশ, উঠান বৈঠক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | (১) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(২) নির্মাণাধীন ৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লকের অসম্পন্ন কাজ দ্রুত শেষ করার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, দিনাজপুর মহোদয়কে অবহিতকরণসহ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, খানসামাকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর কে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর। |
| ০৭ | <u>মাধ্যমিক শিক্ষা বিভাগঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, ২০২৫ সালের এইচ,এস,সি, আলিম ও কারিগরি পরীক্ষা ২৬ জুন, ২০২৫ হতে শুরু হয়ে খানসামা উপজেলায় ০৪টি কেন্দ্রের পরীক্ষা সুন্দর ও সুষ্ঠুভাবে চলছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, স্কুল ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত অর্ধবার্ষিক মূল্যায়ন পরীক্ষা শুরু হয়ে চলমান রয়েছে এবং সুষ্ঠু ও শৃঙ্খলাভাবে পরীক্ষা চলছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জলবায়ু সচেতনতা অনুদান ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতামূলক কর্মসূচি প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর। |
| ০৮ | <u>সমাজসেবা বিভাগঃ</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ৪র্থ কিস্তি পে-রোল প্রেরণের নির্দেশনা থাকায় আগামী ১৫/০৫/২০২৫ খ্রি. তারিখে নির্ভুল পে-রোল প্রেরণ করা হয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ভাতার টাকা প্রতারক চক্র কর্তৃক মোবাইল নম্বর হ্যাক করে যাতে উত্তোলন করতে না পারে এ বিষয়ে প্রতারক চক্রের কার্যক্রম সম্পর্কে সকল ভাতাভোগীদের সচেতন করা হচ্ছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, দীর্ঘমেয়াদী অনাদায়ী ঋণ আদায় কার্যক্রম গতিশীল করা হয়েছে। ফলশ্রুতিতে অনাদায়ী টাকা আদায় হচ্ছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, নীতিমালা অনুসরণপূর্বক প্রতিবন্ধী ব্যক্তিদের যাচাই বাছাই কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকৃত প্রতিবন্ধী ব্যক্তি শতভাগ ভাতার আওতায় আসবে।<br><br>তিনি সভায় আরও জানান যে, খানসামা উপজেলার পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবন মানের উন্নয়ন নিশ্চিত করতে আশ্রয়ণ প্রকল্পে ঋণ গ্রহীতাদের মাঝে বিতরণকৃত ঋণের টাকা আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ জোরদাড় করা হয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, রোগী কল্যাণ সমিতি'র কার্যক্রমের মাধ্যমে অসহায়-দুস্থ ব্যক্তিদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে হাসপাতাল সমাজসেবা কার্যক্রমে গতিশীলতা আনয়ন করা হয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বেসরকারি এতিমখানার ক্যাপিটেশন | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |

<table>
<tr><td></td><td>গ্রান্ট ২য় কিস্তির বরাদ্দ পাওয়া যায়। ক্যাপিটেশন গ্রান্টভূক্ত সকল বেসরকারি এতিমখানার অনুকূলে বরাদ্দের অর্থ প্রদান করা হয়েছে। এছাড়াও তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>০৯</td><td><u>পল্লী উন্নয়ন বিভাগঃ</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি'র আওতাধীন প্রকল্পসমূহের মে, ২০২৫ মাসের ঋণ কার্যক্রম নিমরুপ:
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রকল্পে নাম</th><th>ঋণ বিতরণ</th><th>ঋণ আদায়</th></tr>
<tr><td>০১</td><td>আবর্তক (কৃষি)</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০২</td><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ)</td><td>-</td><td>০.৫০</td></tr>
<tr><td>০৩</td><td>সদাবিক</td><td>-</td><td>১.৩৯</td></tr>
<tr><td>০৪</td><td>গুচ্ছগ্রাম</td><td>-</td><td>৪.৯৫</td></tr>
<tr><td>০৫</td><td>আদর্শ গ্রাম-২</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৬</td><td>পল্লী প্রগতি</td><td>-</td><td>০.০৭</td></tr>
<tr><td>০৭</td><td>অস্বচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৮</td><td>পল্লী উদ্যোক্তা</td><td>-</td><td>০.২০</td></tr>
<tr><td colspan="2">মোট=</td><td>-</td><td>৭.১১</td></tr>
</table>
তিনি সভায় আরও জানান যে, বিআরডিবি'র আওতায় সকল প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১০</td><td><u>দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃ</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১১</td><td><u>সমবায় বিভাগঃ</u><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, খানসামা উপজেলার সমবায়ীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সমবায়ীদের দক্ষ ও উৎপাদনমুখী কার্যক্রম গ্রহণ করে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত স্ব-নির্ভর উপজেলা হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন।<br>তিনি সভায় আরও জানান যে, গোয়ালডিহি আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এ বসবাসরত সুবিধাভোগীদের মাঝে বর্তমান মাস পর্যন্ত ৯,৫০,৫০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ৫,৪৬,৩২৬ টাকা ঋণ আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার ৬৫%। সমবায় বিভাগের অন্যান্য সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা সমবায় অফিসার, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১২</td><td><u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, খানসামা উপজেলায় স্যানিটেশনের শতকরা হার ৯১.৯২%। প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে স্যানিটেশন কভারেজ ১০০% উন্নীতকরণের জন্য এডিপি/ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল থেকে অফসেট/ইমপ্রুভ টয়লেট নির্মাণের জন্য অনুরোধ করেন।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৩</td><td><u>মহিলা বিষয়ক বিভাগঃ</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) সভায় জানান যে, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ চক্রের (জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০২৪) মেয়াদ ০৬ (ছয়) মাস (জানুয়ারি ২০২৫ হতে জুন ২০২৫) বৃদ্ধি করায় মে ২০২৫ মাসে জানুয়ারি ২০২৫ হতে মে ২০২৫ পর্যন্ত ০৫ (পাঁচ) মাসের খাদ্য (চাল) ভিডব্লিউবি উপকারভোগীর মাঝে বিতরণ করা হয়েছে। ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ চক্রের (জানুয়ারি ২০২৫ হতে ডিসেম্বর ২০২৬) ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ অর্থবছরে নির্বাচিত ভাতাভোগীর মার্চ ২০২৫ পর্যন্ত ভাতার অর্থ তাদের নিজ নিজ ব্যাংক/এজেন্ট ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং হিসাবে EFT এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে জুলাই ২০২৪ মাস হতে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়নে ০৯জন করে উপজেলা ০৬টি ইউনিয়নে ৫৪ জন ভাতাভোগী নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে। এমআইএস সার্ভার খুলে দেয়ায় নির্দেশনা অনুযায়ী মে ২০২৫ মাসে মার্চ ২০২৫ হতে জুন ২০২৫ পযর্ন্ত উপজেলার ০৬টি ইউনিয়নে ২১৬ জন ভাতাভোগী নির্বাচন করা হয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় মে ২০২৫ মাসে আদায়যোগ্য খেলাপী ঋণের পরিমান ৬,৪১,৮৫১/- টাকা এবং আদায়ের পরিমান ১০,৯২০/- টাকা।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
</table>

<table>
<tr><td></td><td>তিনি সভায় আরও জানান যে, উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) এর ২০২৪-২০২৫ অর্থবছরে ৪র্থ ব্যাচে (এপ্রিল ২০২৫ হতে জুন ২০২৫) আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান যে, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ২০২৫ শিক্ষাবর্ষে নতুন নির্বাচিত উপজেলার ০৬টি ইউনিয়নে স্থাপিত ০৬টি কিশোর-কিশোরী ক্লাব প্রতি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ (একশত আশি) জন কিশোর-কিশোরীকে সঙ্গীত, আবৃত্তি ও জেন্ডার বিষয়ক প্রশিক্ষণসহ বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। এছাড়াও তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৪</td><td><u>পরিবার পরিকল্পনা বিভাগঃ</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মসূচি সন্তোষজনকভাবে সম্পন্ন হচ্ছে। অতঃপর তিনি মে, ২০২৫ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।<br>অস্থায়ী পদ্ধতিঃ
<table>
<tr><th colspan="3">খাবার বড়ি</th><th colspan="3">কনডম</th><th colspan="3">ইনজেকশন</th></tr>
<tr><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td></tr>
<tr><td>১৪৭২</td><td>২৫৮</td><td>১৮%</td><td>২৬৪</td><td>২৯</td><td>১১%</td><td>৭১৭</td><td>২৯০</td><td>৩৯%</td></tr>
</table>
দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতিঃ
<table>
<tr><th colspan="3">স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা)</th><th colspan="3">আইইউডি</th><th colspan="3">ইমপ্লান্ট</th></tr>
<tr><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td></tr>
<tr><td>১৩</td><td>১৬</td><td>১৩০%</td><td>১১</td><td>০৩</td><td>১৮%</td><td>৫৮</td><td>১৪২</td><td>২৪৬%</td></tr>
</table>
উপজেলার মোট সক্ষম দম্পতি : ৪৫৩৭১ জন।<br>উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী : ৩৭২১৮ জন।<br>পদ্ধতি গ্রহণকারী (সিএআর) : ৮২.০২%।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৫</td><td><u>যুব উন্নয়ন বিভাগঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে মোট ১৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ কোর্স এর লক্ষ্যমাত্রা রয়েছে। এপ্রিল ২০২৫ মাস পর্যন্ত ১৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ কোর্স সমাপ্ত করা হয়েছে। এছাড়া ইম্প্যাক্ট প্রকল্পের বায়োগ্যাস বিষয়ক ০৭টি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।</td><td>(১) খেলাপী যুব ঋণের টাকা আদায়ে জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(২) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৬</td><td><u>বন বিভাগঃ</u><br>উপজেলা বন কর্মকর্তা, খানসামা SFPC, সামাজিক বন বিভাগ, সভায় জানান যে, সামাজিক বনায়নের আওতায় বিভিন্ন সনে সৃজিত স্ট্রীপ বাগানে চারা গাছ ভালো রয়েছে। তবে ২০২৩-২০২৪ অর্থবছরে সৃজিত তিস্তা বাঁধ বাগানের কিছু জায়গায় কে বা কাহারা গরু ও ছাগল দ্বারা চারা গাছ ভেঙ্গে ফেলে এবং মানুষ নিজ হাতে চারা গাছ কেটে নষ্ট করে ফেলে। সাজাপুর মৌজার সালবনটি ভালো আছে। বনে কোন প্রকার অপরাধমূলক কার্যক্রম ঘটেনি।<br><br>তিনি সভায় আরও জানান যে, উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত ০.৭৫ একর পরিমাণ জমিতে নার্সারী কেন্দ্র রয়েছে। দীর্ঘদিন যাবৎ নার্সারীর ঘেরাবেড়া থেকে শুরু করে কোন রকমের মেরামত ও মাটি ভরাটের কাজ কর্ম হয়নি। ফলে অল্প বৃষ্টিতেই পানি জমে থাকে এবং ঘেরাবেড়ার অভাবে নার্সারীতে চারা উত্তোলনের ব্যাঘাট ঘটছে। নার্সারী কেন্দ্রের ঘেরাবেড়া ও মাটি ভরাটের বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, খানসামা মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা বন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৭</td><td><u>নির্বাচন অফিসঃ</u><br>উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td></td><td></td></tr>
<tr><td>১৮</td><td><u>আনসার ও ভিডিপি বিভাগঃ</u><br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কাজ যথা নিয়মে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।</td></tr>
<tr><td>১৯</td><td><u>পল্লী সঞ্চয় ব্যাংকঃ</u><br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম যথা নিয়মে</td><td>পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম আরও গতিশীল</td><td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | চলছে। খেলাপী টাকা আদায়ের লক্ষ্যে ঋণ গ্রহীতা ও জামিনদারদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | খানসামা, দিনাজপুর। |
| ২০ | <u>পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনঃ</u><br>উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক সকল কার্যক্রম যথাযথভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর। |
| ২১ | <u>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ</u><br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের সকল কার্যক্রম যথা নিয়মে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, খানসামা, দিনাজপুর |
| ২২ | <u>পরিসংখ্যান বিভাগঃ</u><br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | | |
| ২৩ | <u>পাট অধিদপ্তরঃ</u><br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | | |
| ২৪ | <u>কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রঃ</u><br>কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | | |
| ২৫ | <u>ইসলামিক ফাউন্ডেশনঃ</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, তার বিভাগীয় কাজ যথা নিয়মে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, খানসামা, দিনাজপুর। |
| ২৬ | <u>পল্লী বিদ্যুৎ বিভাগঃ</u><br>সহকারী জেনারেল ম্যানেজার, খানসামা সাব-জোনাল অফিস, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ সভায় জানান যে, অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করণের নিমিত্ত রাত্রীকালীন অভিযান অব্যাহত রয়েছে। বকেয়া বিলের কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন অভিযান অব্যাহত রয়েছে। এ বিষয়ে উপজেলা প্রশাসনসহ পুলিশ বাহিনীর আন্তরিক সহযোগিতা কামনা করেন। তিনি সভায় আরও জানান যে, বর্তমানে ট্রান্সফরমারসহ বৈদ্যুতিক মালামাল চুরি হচ্ছে। এ বিষয়ে উপজেলা প্রশাসনসহ পুলিশ বাহিনীর আন্তরিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী জেনারেল ম্যানেজার, খানসামা সাব-জোনাল অফিস, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, খানসামা |

২৭। **<u>বিবিধ আলোচনা ও সিদ্ধান্তঃ</u>** ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা এর গত ১৩/১১/২০২২ খ্রি. তারিখের ৪৬.০৪৫.০২২.১০.০১.০০১.২০১১-৭৪৪নং স্মারকে পত্রের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন সময়ে উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন ছাদ নিয়মিত পরিস্কার, উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তাসমূহ এবং অফিসসমূহের চারপাশে প্রতিদিনের সৃষ্ট ময়লা এবং আবাসিক ভবনসমূহের চারিপাশে ড্রেনসমূহে প্রতিদিনের সৃষ্ট ময়লা-আবর্জনা মুক্ত ও পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এর মৌখিক নির্দেশনা মোতাবেক চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর জানুয়ারি ২০২৫ মাসে ১০ (দশ) জন শ্রমিক প্রত্যেককে ০৫ (পাঁচ) দিনের দৈনিক মজুরী ৫৫০/- ×৫ দিন×১০ জন = ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা এবং মার্চ ২০২৫ মাসে ১০ (দশ) জন শ্রমিক প্রত্যেককে ০৫ (পাঁচ) দিনের দৈনিক মজুরী ৫৫০/- ×৫ দিন×১০ জন = ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা একুনে (২৭,৫০০+২৭,৫০০) = ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা পরিশোধ করে শ্রমিক মজুরীর ভাউচারসহ একখানা আবেদন করেছেন। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত : চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর কর্তৃক পরিশোধিত জানুয়ারি ২০২৫ মাসে ১০ (দশ) জন শ্রমিক প্রত্যেককে ০৫ (পাঁচ) দিনের দৈনিক মজুরী ৫৫০/- ×৫ দিন×১০ জন = ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা এবং মার্চ ২০২৫ মাসে ১০ (দশ) জন শ্রমিক প্রত্যেককে ০৫ (পাঁচ) দিনের দৈনিক মজুরী ৫৫০/- ×৫ দিন×১০ জন = ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা একুনে (২৭,৫০০+২৭,৫০০) = ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ভ) তে নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্ন খাত হতে ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, খানসামা, দিনাজপুর এ ইনডোরে ভর্তিরত ডায়রিয়া রোগীর চিকিৎসার জন্য কলেরা স্যালাইন সরকারিভাবে সরবরাহ না থাকায় চিকিৎসা সেবা বিঘ্নিত হচ্ছে। জরুরী ভিত্তিতে ১০০০ (এক হাজার) টি কলেরা স্যালাইন প্রাপ্তির জন্য খানসামা উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জনাব ডাঃ মোঃ শফিকুল ইসলাম একখানা আবেদন করেছেন। আবেদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, খানসামা, দিনাজপুর এ ইনডোরে ভর্তিরত ডায়রিয়া রোগীর চিকিৎসার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঘ) তে নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে ২১,০০০/- (একুশ হাজার) টাকা ব্যয়ে ২৭৫ (দুইশত পচাত্তর) টি কলেরা স্যালাইন ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।

গ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, খানসামা উপজেলা পরিষদ ব্যবস্থাপনাধীন বাংলা ১৪৩২ সনের জন্য হাট-বাজার ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের বিল ৩৭,২৬০/- (সাইত্রিশ হাজার দুইশত ষাট) টাকা এবং ১৩,২৪৮/- (তেরো হাজার দুইশত আটচল্লিশ) টাকা একুনে (৩৭,২৬০+ ১৩,২৪৮) =৫০,৫০৮/- (পঞ্চাশ হাজার পাঁচশত আট) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। যা অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : খানসামা উপজেলা পরিষদ ব্যবস্থাপনাধীন বাংলা ১৪৩২ সনের জন্য হাট-বাজার ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের বিল ৩৭,২৬০/- (সাইত্রিশ হাজার দুইশত ষাট) টাকা এবং ১৩,২৪৮/- (তেরো হাজার দুইশত আটচল্লিশ) টাকা একুনে (৩৭,২৬০+ ১৩,২৪৮) =৫০,৫০৮/- (পঞ্চাশ হাজার পাঁচশত আট) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান অনুমোদন দেয়া হলো।

ঘ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, খানসামা উপজেলাধীন ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং রাজস্ব উদ্বৃত্ত অর্থ দ্বারা বিভিন্ন উন্নয়নমূলক কাজের দরত্র বিজ্ঞপ্তি প্রকাশের বিল ২৪,৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা, ৯,৬৬০/- (নয় হাজার ছয়শত ষাট) টাকা, ১০,৬৫৪/- (দশ হাজার ছয়শত চুয়ান্ন) টাকা একুনে (২৪,৮৪০+ ৯,৬৬০+ ১০,৬৫৪) = ৪৫,১৫৪/- (পয়চল্লিশ হাজার একশত চুয়ান্ন) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। যা অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : খানসামা উপজেলাধীন ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং রাজস্ব উদ্বৃত্ত অর্থ দ্বারা বিভিন্ন উন্নয়নমূলক কাজের দরত্র বিজ্ঞপ্তি প্রকাশের বিল ২৪,৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা, ৯,৬৬০/- (নয় হাজার ছয়শত ষাট) টাকা, ১০,৬৫৪/- (দশ হাজার ছয়শত চুয়ান্ন) টাকা একুনে (২৪,৮৪০+ ৯,৬৬০+ ১০,৬৫৪) = ৪৫,১৫৪/- (পয়চল্লিশ হাজার একশত চুয়ান্‌ন) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান অনুমোদন দেয়া হলো।

ঙ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, হাট উন্নয়ন তহবিলের আওতায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের বিল ২৪,৪৫৪/- (চব্বিশ হাজার চারশত চুয়ান্ন) টাকা এবং ৮,৮৩২/- (আট হাজার আটশত বত্রিশ) টাকা একুনে (২৪,৪৫৪+ ৮,৮৩২) = ৩৩,২৮৬/- (তেত্রিশ হাজার দুইশত ছিয়াশি) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। যা অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : হাট উন্নয়ন তহবিলের আওতায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের বিল ২৪,৪৫৪/- (চব্বিশ হাজার চারশত চুয়ান্ন) টাকা এবং ৮,৮৩২/- (আট হাজার আটশত বত্রিশ) টাকা একুনে (২৪,৪৫৪+ ৮,৮৩২) = ৩৩,২৮৬/- (তেত্রিশ হাজার দুইশত ছিয়াশি) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান অনুমোদন দেয়া হলো।

চ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত উপখাত হতে উপজেলা পরিষদের পুকুরের সৌন্দর্য ফিরিয়ে আনার জন্য ঘাটলা ও ওয়াকওয়ে সংস্কার কাজের দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের বিল ২৪,৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা, ১৪,৯৮৭/- (চৌদ্দ হাজার নয়শত সাতাশি) টাকা একুনে (২৪,৮৪০+ ১৪,৯৮৭) = ৩৯,৮২৭/- (উনচল্লিশ হাজার আটশত সাতাইশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। যা অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত উপখাত হতে উপজেলা পরিষদের পুকুরের সৌন্দর্য ফিরিয়ে আনার জন্য ঘাটলা ও ওয়াকওয়ে সংস্কার কাজের দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের বিল ২৪,৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা, ১৪,৯৮৭/- (চৌদ্দ হাজার নয়শত সাতাশি) টাকা একুনে (২৪,৮৪০+ ১৪,৯৮৭) = ৩৯,৮২৭/- (উনচল্লিশ হাজার আটশত সাতাইশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান অনুমোদন দেয়া হলো।

ছ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাত হতে প্রাপ্ত বিশেষ বরাদ্দের আওতায় উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের বিল ৩১,০৫০/- (একত্রিশ হাজার পঞ্চাশ) টাকা, ১২,৯৩৮/- (বারো হাজার নয়শত আটত্রিশ) টাকা, ১৩,৩১৭/- (তেরো হাজার তিনশত সতেরো) টাকা একুনে (৩১,০৫০+ ১২,৯৩৮+ ১৩,৩১৭) = ৫৭,৩০৫/- (সাতান্ন হাজার তিনশত পাঁচ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। যা অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাত হতে প্রাপ্ত বিশেষ বরাদ্দের আওতায় উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের বিল ৩১,০৫০/- (একত্রিশ হাজার পঞ্চাশ) টাকা, ১২,৯৩৮/- (বারো হাজার নয়শত আটত্রিশ) টাকা, ১৩,৩১৭/- (তেরো হাজার তিনশত সতেরো) টাকা একুনে (৩১,০৫০+ ১২,৯৩৮+ ১৩,৩১৭) = ৫৭,৩০৫/- (সাতান্ন হাজার তিনশত পাঁচ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান অনুমোদন দেয়া হলো।

জ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, খানসামা উপজেলাধীন আলোকঝাড়ী ইউনিয়নে ০৩টি সড়কে অনুমোদিত নিদ্দিষ্ট চেইনেজে অবস্থিত পুরাতন ০১টি বক্স কালভার্ট, ০১টি ফুট ব্রীজ এবং ০১টি ব্রীজ নিলামের বিজ্ঞপ্তি প্রকাশের বিল ৮,৮৩২/- (আট হাজার আটশত বত্রিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। যা অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : খানসামা উপজেলাধীন আলোকঝাড়ী ইউনিয়নে ০৩টি সড়কে অনুমোদিত নিদ্দিষ্ট চেইনেজে অবস্থিত পুরাতন ০১টি বক্স কালভার্ট, ০১টি ফুট ব্রীজ এবং ০১টি ব্রীজ নিলামের বিজ্ঞপ্তি প্রকাশের বিল ৮,৮৩২/- (আট হাজার আটশত বত্রিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান অনুমোদন দেয়া হলো।

ঝ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, খানসামা উপজেলাধীন আলোকঝাড়ী ইউনিয়নে ০৩টি সড়কে অনুমোদিত নিদ্দিষ্ট চেইনেজে অবস্থিত পুরাতন ০১টি বক্স কালভার্ট, ০১টি ফুট ব্রীজ এবং ০১টি ব্রীজ নিলামের সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশের বিল ৩,৩১২/- (তিন হাজার তিনশত বারো) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। যা অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : খানসামা উপজেলাধীন আলোকঝাড়ী ইউনিয়নে ০৩টি সড়কে অনুমোদিত নিদ্দিষ্ট চেইনেজে অবস্থিত পুরাতন ০১টি বক্স কালভার্ট, ০১টি ফুট ব্রীজ এবং ০১টি ব্রীজ নিলামের সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশের বিল ৩,৩১২/- (তিন হাজার তিনশত বারো) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান অনুমোদন দেয়া হলো।

ঞ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের আওতাধীন ০৭ (সাত) টি মিটার যথাক্রমে চেয়ারম্যান বাসভবন (উপজেলা রেষ্ট হাউজ), পাম্প-২ (সেচ), উপজেলা কমপ্লেক্স হলরুম, উপজেলা কমপ্লেক্স প্রধান ফটকের স্ট্রীটলাইট (রাস্তার বাতি), উপজেলা পরিষদ কার্যালয় ০৫ (পাঁচ) টি মিটারের জুন, ২০২৪ হতে মে, ২০২৫ পর্যন্ত ১২ (বারো) মাসের এবং অডিটরিয়াম-২ (উপজেলা পরিষদ হলরুম) এর মার্চ, ২০২৫ মাস ব্যতীত ও প্রশাসন/১ মে, ২০২৫ মাস ব্যতীত ০২ (দুই) টি মিটারের ১ (এগারো) মাসের বকেয়া বিদ্যুৎ বিল বিলম্ব মাসুল ছাড়া ৩,৮২,৫০৯/- (তিন লক্ষ বিরাশি হাজার পাঁচশত নয়) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। যা অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের আওতাধীন ০৭ (সাত) টি মিটার যথাক্রমে চেয়ারম্যান বাসভবন (উপজেলা রেষ্ট হাউজ), পাম্প-২ (সেচ), উপজেলা কমপ্লেক্স হলরুম, উপজেলা কমপ্লেক্স প্রধান ফটকের স্ট্রীটলাইট (রাস্তার বাতি), উপজেলা পরিষদ কার্যালয় ০৫ (পাঁচ) টি মিটারের জুন, ২০২৪ হতে মে, ২০২৫ পর্যন্ত ১২ (বারো) মাসের এবং অডিটরিয়াম-২ (উপজেলা পরিষদ হলরুম) এর মার্চ, ২০২৫ মাস ব্যতীত ও প্রশাসন/১ মে, ২০২৫ মাস ব্যতীত ০২ (দুই) টি মিটারের ১ (এগারো) মাসের বকেয়া বিদ্যুৎ বিল বিলম্ব মাসুল ছাড়া ৩,৮২,৫০৯/- (তিন লক্ষ বিরাশি হাজার পাঁচশত নয়) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান অনুমোদ দেয়া হলো।

ট) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা কমপ্লেক্স প্রশাসনিক ভবনে ইতোপূর্বে স্থাপিত ক্লোজ সার্কিট ক্যামেরা, ক্যামেরার কেবল প্রাকৃতিক দুর্যোগ ও বৃষ্টির পানি পেয়ে নষ্ট হওয়ায় নিরাপত্তার জন্য অতীব জরুরী ভিত্তিতে ক্লোজ সার্কিট ক্যামেরা মেরামত/নতুন ক্রয় ও কেবল ক্রয়সহ মজুরী বিল ৪৯,৫২০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত বিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। যা অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : উপজেলা কমপ্লেক্স প্রশাসনিক ভবনে ইতোপূর্বে স্থাপিত ক্লোজ সার্কিট ক্যামেরা, ক্যামেরার কেবল প্রাকৃতিক দুর্যোগ ও বৃষ্টির পানি পেয়ে নষ্ট হওয়ায় নিরাপত্তার জন্য অতীব জরুরী ভিত্তিতে ক্লোজ সার্কিট ক্যামেরা মেরামত/নতুন ক্রয় ও কেবল ক্রয়সহ মজুরী বিল ৪৯,৫২০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত বিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান অনুমোদন দেয়া হলো।

ঠ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহৃত রাউটারে সংযোগকৃত ইন্টারনেট সেবা জুলাই, ২০২৪ হতে জুন, ২০২৫ পর্যন্ত সময়ের ইন্টারনেট বিল ১২,০০০/- (বারো হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করা হয়। যা অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহৃত রাউটারে সংযোগকৃত ইন্টারনেট সেবা জুলাই, ২০২৪ হতে জুন, ২০২৫ পর্যন্ত সময়ের ইন্টারনেট বিল ১২,০০০/- (বারো হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান অনুমোদন দেয়া হলো।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং দপ্তর প্রধানগণকে সুষ্ঠুভাবে স্ব স্ব দপ্তরের কার্যক্রম পরিচালনার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৬/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব)
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।

৩০/০৬/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.khansama.dinajpur.gov.bd

স্মারক নং : ০৫.৫৫.২৭৬০.০০০.২৫.০০১.২৪-১৮(৫০)

তারিখ : ৩০/০৬/২০২৫ খ্রি.

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৫। উপজেলা ..................................................কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।
০৬। চেয়ারম্যান,...........নং....................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৭। জনাব/বেগম.......................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৮। সংশ্লিষ্ট নথি।

(মোঃ কামরুজ্জামান সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
ফোন : ০২-৫৮৯৯২৯৬০০ (অঃ)
মোবাইল নম্বর-০১৭৬১-৪৯৩৫২৯
মেইল : unokhansama@mopa.gov.bd

রেগুলেশন জুন ২০২৫